**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 28-12-2024**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

**Headlines :**

**১) প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিংয়ের শেষকৃত্য আজ নতুন দিল্লিতে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে ।**

**২) কেন্দ্রীয় খাদ্য ও ভোক্তা বিষয়ক এবং পুনর্নবীকরন শক্তিমন্ত্রী প্রহ্লাদ যোশী কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প নিয়ে পর্যালোচনা করেন ।**

**৩) মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে রাজ্য সরকার সর্বাত্মক প্রয়াস চালিয়ে যাচ্ছে ।**

**৪) প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন ।**

**৫) গুজরাটের সুরাটে জাতীয় সাব-জুনিয়র জিমন্যাস্টিকস প্রতিযোগিতায় শ্রীপর্ণা দে'র স্বর্ণ পদক জয় ।**

**********************************

**Dr Manmohan Singh :**

প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিংয়ের শেষকৃত্য আজ নতুন দিল্লির নিগম বোধ ঘাটে পূর্ণ রাষ্ট্রীয় মর্যাদায় সম্পন্ন হয়েছে। শিখ পুরোহিত এবং প্রাক্তন প্রধানমন্ত্রী ডঃ মনমোহন সিংয়ের পরিবারের সদস্যরা শেষকৃত্যের আগে গুরবানি পাঠ করেন। এর আগে রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপ-রাষ্ট্রপতি জগদীপ ধনখর, প্রধানমন্ত্রী

নরেন্দ্র মোদী, কেন্দ্রীয় মন্ত্রী রাজনাথ সিং, অমিত শাহ এবং জগৎ প্রকাশ নাড্ডা এবং লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা প্রমুখ প্রাক্তন প্রধানমন্ত্রীকে শেষ শ্রদ্ধা জানান। এছাড়া কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে সহ সোনিয়া গান্ধী, রাহুল গান্ধী প্রমুখ শেষ শ্রদ্ধা নিবেদন করেন। সেনাপ্রধান জেনারেল উপেন্দ্র দ্বিবেদী, নৌবাহিনী প্রধান অ্যাডমিরাল দীনেশ কে ত্রিপাঠি, বিমান বাহিনী প্রধান এয়ার চিফ মার্শাল অমর প্রীত সিং, ভুটানের রাজা জিগমে খেসর নামগেল ওয়াংচুক এবং মরিশাসের পররাষ্ট্রমন্ত্রী, ধনঞ্জয় রামফল ডঃ মনমোহন সিং-এর মরদেহে শেষ শ্রদ্ধা জানান। উল্লেখ্য ডক্টর মনমোহন সিং গত বৃহস্পতিবার নতুন দিল্লির এইমসে ৯২ বছর বয়সে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন।

***************************

**Congress-Kalyanpur :**

ব্লক কংগ্রেসের উদ্যোগে আজ কল্যাণপুরে প্রাক্তন প্রধানমন্ত্রী প্রয়াত মনমোহন সিংয়ের স্মৃতির প্রতি শ্রদ্ধা জানাতে এক স্মরণসভার আয়োজন করা হয়। মনমোহন সিংহের প্রতিকৃতিতে পুষ্পার্ঘ অর্পণ করে শ্রদ্ধা জানানোর পর তার স্মৃতিচারণ করেন কংগ্রেস নেতৃবৃন্দ।

****************************

**Union Minister Prahlad Joshi :**

কেন্দ্রীয় খাদ্য ও ভোক্তা বিষয়ক এবং পুনর্নবীকরন শক্তিমন্ত্রী প্রহ্লাদ যোশী দুদিনের রাজ্য সফরে আজ আগরতলায় এসে পৌঁছেছেন। এম বি বি বিমানবন্দরে তাকে স্বাগত জানান বিধায়ক ভগবান চন্দ্র দাস। দুপুরে তিনি আগরতলার নন্দননগরে কেন্দ্রীয় খাদ্য গুদাম পরিদর্শন করেন। সন্ধ্যায় সচিবালয় তিনি কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প নিয়ে পর্যালোচনা বৈঠকে পৌরহিত্য করেন। উপস্থিত ছিলেন মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা, বিদ্যুৎ মন্ত্রী রতনলাল নাথ, খাদ্য মন্ত্রী সুশান্ত চৌধুরী, মুখ্যসচিব

জে কে সিনহা সহ কেন্দ্র ও রাজ্য সরকারের পদস্থ আধিকারিকগণ। বৈঠকের শুরুতে মুখ্যমন্ত্রী কেন্দ্রীয় মন্ত্রীকে রাজ্যের ঐতিহ্যবাহী বাঁশ বেতের তৈরি মাতা ত্রিপুরেশ্বরী মন্দিরের প্রতিকী স্মারক দিয়ে শুভেচ্ছা জানান। কেন্দ্রীয় মন্ত্রী গনেশের মূর্তি দিয়ে শুভেচ্ছা জানান মুখ্যমন্ত্রীকে। কেন্দ্রীয় মন্ত্রী শ্রী যোশী আগামীকাল চড়িলামে ট্রেডার বিভিন্ন প্রকল্প পরিদর্শন এবং স্থানীয় জনগনের সঙ্গে মতবিনিময় এবং উদয়পুরের মাতা ত্রিপুরেশ্বরী মন্দির দর্শন করবেন বলে কথা রয়েছে।

***************************

**CM-Nagerjala :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, এক ত্রিপুরা, শ্রেষ্ঠ ত্রিপুরা গড়ে তুলতে রাজ্য সরকার সর্বাত্মক প্রয়াস চালিয়ে যাচ্ছে। আগরতলার নাগেরজলায় আজ পুরনিগমের ৩৩ নম্বর ওয়ার্ডে শীত বস্ত্র বিতরণ অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী একথা বলেন। তিনি রাজ্যের জনগণের আর্থ সামাজিক উন্নয়ন, পর্যটনের বিকাশ, বেকার ও মহিলাদের স্বাবলম্বী করে তুলতে রাজ্য সরকারের প্রয়াস বিস্তারিত উল্লেখ করেন।

##########Byte#########

******************************

**Rotary Club :**

রোটারি ক্লাব অব আগরতলা সেন্ট্রাল ও রোটারি ক্লাব অব আগরতলা সিটি'র যৌথ উদ্যোগে আজ আগরতলার রাজনগর বাইতুল জামে মসজিদ প্রাঙ্গণে এক স্বাস্থ্য শিবির অনুষ্ঠিত হয়। শিবিরে রোগীদের চিকিৎসা পরিষেবার পাশাপাশি বিনামূল্যে ওষুধ দেয়া হয়। ক্লাব সভাপতি কৃষ্ণজিত পাল জানান, স্বাস্থ্য শিবিরে ১১৫ জন রোগী পরিষেবা গ্রহণ করেন।

***************************

**CM-TCS :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাক্তার মানিক সাহা বলেছেন, কেন্দ্র ও রাজ্য সরকারের বিভিন্ন জনকল্যাণমূলক প্রকল্পের সুফল সমাজের অন্তিম ব্যক্তির কাছে পৌঁছানোর ক্ষেত্রে টিসিএস আধিকারিকদের গুরুত্বপূর্ণ ভূমিকা রয়েছে। পাশাপাশি সরকার ও জনগণের মধ্যে সেতু বন্ধনের কাজও করে থাকেন টিসিএস আধিকারিকগণ। আজ দশমীঘাট মুক্তমঞ্চে ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের উদ্যোগে শীতবস্ত্র বিতরণ অনুষ্ঠানে তিনি একথা বলেন। মুখ্যমন্ত্রী বলেন, আধিকারিকদের গুরুত্বপূর্ণ ভূমিকার ফলে সাম্প্রতিক বন্যা সহ নানা বিপর্যয় সফলভাবে মোকাবিলা করা সম্ভব হয়েছে। তিনি বলেন, প্রশাসনকে গতিশীল ও জনকল্যাণমুখী করে তুলতে রাজ্য সরকার দায়বদ্ধভাবে কাজ করছে। এক্ষেত্রে টিসিএস আধিকারিকগণও গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করছেন। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন আগরতলার মেয়র দীপক মজুমদার, মেয়র-ইন-কাউন্সিলর তুষার কান্তি ভট্টাচার্য এবং ত্রিপুরা সিভিল সার্ভিস অফিসার্স অ্যাসোসিয়েশনের সভাপতি দিলীপ কুমার চাকমা। অ্যাসোসিয়েশনের সাধারণ সম্পাদক অসীম সাহা বলেন, দশমীঘাট এলাকায় ক্ষতিগ্রস্ত পরিবারের ৪০০ জনকে আজ শীতবস্ত্র প্রদান করা হয়েছে।

*******************************

**Ganja-Sepahijala :**

সিআরপিএফ, টি এস আর ও কলমচৌড়া থানার পুলিশ যৌথ অভিযান চালিয়ে আজ বংশীবাড়ি এলাকায় প্রায় পঞ্চাশ হাজার গাঁজা গাছ ধ্বংস করে। কলমচৌড়া থানার ও সি নাড়ুগোপাল দেব এ খবর জানিয়েছেন।

***************************

**CM-BLOOD DONATION :**

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা নেশামুক্ত ত্রিপুরা গড়ে তুলতে ক্লাবগুলোকে এগিয়ে আসার আহ্বান জানিয়েছেন। আজ

আগরতলার কৃষ্ণনগরস্থিত নাইন বুলেটস ক্লাব আয়োজিত রক্তদান শিবিরের উদ্বোধন করে তিনি এই আহ্বান জানান। তিনি বলেন, রক্তদান শিবির আয়োজনের অন্যতম উল্লেখযোগ্য দিক হলো এর মাধ্যমে রক্তদানে বেশি করে মানুষকে উদ্‌বুদ্ধ করা যায়। অনুষ্ঠানে বক্তব্য রাখেন, আগরতলার মেয়র তথা বিধায়ক দীপক মজুমদার, ক্লাবের সভানেত্রী তথা কর্পোরেটর ভাস্বতী দেববর্মা প্রমুখ। শিবিরে ১০০ জন স্বেচ্ছায় রক্তদান করেন।

****************************

**Kumbha Mela :**

পশ্চিম জেলার রাণীরবাজারে দশমীঘাটে ত্রিপুরা কুম্ভমেলায় আজ বহু পূন্যার্থীর সমাগম হয়েছে। গত ২৫শে ডিসেম্বর থেকে শুরু হয়েছে এই কুম্ভ মেলা যা,শেষ হবে আগামী ২রা জানুয়ারী। মেলার অন্যতম আয়োজক সংস্থা জুনা আখড়ার পীঠাধীশ রঞ্জিতানন্দ মহারাজ আকাশবাণীর প্রতিনিধিকে জানান, প্রতি তিন বছর অন্তর ত্রিপুরায় এই কুম্ভ মেলা আয়োজন হয়ে থাকে। কুম্ভ মেলা সাধারণত দেশের চার তীর্থ ক্ষেত্র, প্রয়াগরাজের ত্রিবেনীসঙ্গম, হরিদ্বার, মহারাষ্ট্রের নাসিক ও মধ্যপ্রদেশের উজ্জ্বয়নীতে আয়োজিত হয় নির্ধরিত সময়ে। কিন্তু ত্রিপুরার মতো রাজ্যে ধর্মপ্রাণ সনাতনীদের অনেকেই হরিদ্বার, নাসিক, প্রয়াগরাজ উজ্জ্বয়নীতে গিয়ে পুন্য অর্জন করতে পারেন না, তাদের কথা ভেবেই এখানে এই কুম্ভমেলার আয়োজন। এখানে দেশের বিভিন্ন স্থান থেকে নাগা সন্ন্যাসী সহ বহু সাধুসন্ত সমাগম হয়েছে এই কুম্ভমেলায়।

**************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে। আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং

নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

***************************

**Maan-Ki-Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামীকাল, সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১১৭তম পর্ব। এই অনুষ্ঠানটি আকাশবাণী ও দূরদর্শনের সমস্ত নেটওয়ার্ক, আকাশবাণী সংবাদ ওয়েবসাইট www.newsonair.com ও newsonair mobile app-এ শোনা যাবে। অনুষ্ঠানটি আকাশবাণী, ডিডি নিউজ, প্রধানমন্ত্রীর দপ্তর তথা তথ্য ও সম্প্রচার মন্ত্রকের ইউ টিউব চ্যানেলেও শুনতে পাওয়া যাবে। অনুষ্ঠানের অব্যবহিত পরেই এর আঞ্চলিক ভাষার অনুবাদ শোনা যাবে I এই আঞ্চলিক ভাষার অনুষ্ঠানটি রাত ৮টায় পুন: প্রচার করা হবে।

********************************

**ISRO :**

ভারতীয় মহাকাশ গবেষণা সংস্থা ইসরো আগামি সোমবার মহাকাশে একত্রীকরণ পরীক্ষা SpaDeX চালু করতে চলেছে। এক সাক্ষাৎকারে, মহাকাশ প্রতিমন্ত্রী ড. জিতেন্দ্র সিং আজ বলেছেন, ইসরোর বছরের শেষ মিশনটি ঐতিহাসিক হবে। কারণ এটি মহাকাশে দুটি উপগ্রহ একত্রিত করার বিরল কীর্তি স্থাপন করবে।

ড. সিং বলেছেন, SpaDeX মিশন মহাকাশে একত্রীকরণে সক্ষম দেশগুলির গোষ্ঠীতে ভারতের প্রবেশকে চিহ্নিত করবে। তিনি বলেন, এই কৃতিত্ব প্রদর্শনের জন্য পিএসএলভি রকেট দেশীয় প্রযুক্তিসম্পন্ন দুটি উপগ্রহ উৎক্ষেপণ করবে।

*******************************

**Jolaibari-Rally :**

আন্তর্জাতিক বাংলা ভাষা-সংস্কৃতি সমিতি শান্তিরবাজার শাখার উদ্যোগে কেন্দ্রীয় সরকারের সংস্কৃতি মন্ত্রক বাংলা ভাষাকে ধ্রুপদী ভাষার মর্যাদা দেওয়ায় ভবিষ্যতে বাংলা ভাষার কি কি উন্নতি হতে পারে এই বিষয়ে নতুন প্রজন্মের ছেলেমেয়েদের অবহিত করতে আজ জোলাইবাড়ি দ্বাদশ স্কুলে এক আলোচনাসভা অনুষ্ঠিত হয়। সভায় আন্তর্জাতিক বাংলা ভাষা-সংস্কৃতি সমিতি শান্তিরবাজার শাখার সভাপতি নির্মলেন্দু চক্রবর্তী, শাখা সচিব বিদ্যুৎ দেবনাথ প্রমুখ বক্তব্য রাখেন। সভা শেষে বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে পথ পরিক্রমার মাধ্যমে এলাকাবাসীকে বাংলা ভাষা ধ্রুপদী ভাষার মর্যাদা পাবার বিষয়ে অবহিত করা হয়।

******************************

**Weather :**

আগামীকাল আকাশ পরিষ্কার থাকবে। সকালে কুয়াশা পড়বে। আগামীকাল তাপমাত্রা সর্বোচ্চ ২৭ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১৩ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকবে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ২৮.৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ১২.৫ ডিগ্রি সেলসিয়াস।

****************************

**Sriparna Gold :**

গুজরাটের সুরাটে জাতীয় সাব-জুনিয়র জিমন্যাস্টিক্স প্রতিযোগিতায় শ্রীপর্ণা দে রাজ্যকে আজ স্বর্ণ পদক এনে দিয়েছে।

ব্যাক্তিগত ভল্টিং টেবিলের লড়াইয়ে শ্রীপর্ণা স্বর্ণ পদকটি পায়। এর আগে গতকাল শ্রীপর্ণা অলরাউন্ড বিভাগে ব্রোঞ্জ পদক পায়। রাজ্য সংস্থার সচিব দ্রোণাচার্য বিশ্বেশ্বর নন্দী এখবর জানান।

*********************************************

**Vijay Hazare :**

বিজয় হাজারে ট্রফি সিনিয়র ক্রিকেটের একদিনের সীমিত ওভারের আসরে ত্রিপুরা চতুর্থ ম্যাচে পরাজিত হয়েছে। আজ হায়দ্রাবাদে অনুষ্ঠিত খেলায় মধ্যপ্রদেশ ৮ উইকেটে রাজ্যদলকে হারিয়ে দেয়। প্রথমে ব্যাট করতে নেমে রাজ্যদল ৪৮ ওভার ৫ বল-এ সবকটি উইকেটে ১৮৯ রান করে। জবাবে মধ্যপ্রদেশ ২১ ওভারে ২ উইকেট হারিয়ে জয়ের জন্য প্রয়োজনীয় রান তুলে নেয়।

****************************

**Khowai-Khelo Kabadi :**

বিশ্ব হিন্দু পরিষদ ও বজরং দলের উদ্যোগে আজ খোয়াই সরকারি দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে খেলো কবাডি প্রতিযোগিতার আয়োজন করা হয়। উপস্থিত ছিলেন খোয়াই পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারপারসন উত্তম অধিকারী, বিশ্ব হিন্দু পরিষদের খোয়াই জেলা সম্পাদক বিজয় গোপ, ত্রিপুরা বক্সিং এসোসিয়েশনের সভাপতি অভিজিৎ দত্ত ভৌমিক। প্রতিযোগিতায় মোট ১০টি দল অংশ গ্রহন করে।

******************************

**Vijay Merchant :**

ত্রিপুরা ও সিকিমের মধ্যে বিজয় মার্চেন্ট ট্রফি অনূর্ধ্ব ১৬ বছরের ক্রিকেটের তিনদিনের খেলা আজ থেকে কটকে শুরু হয়েছে। প্রথমে ব্যাট করতে নেমে সিকিম প্রথম ইনিংসে সবকটি উইকেট

হারিয়ে মাত্র ১০০ রান করতে সক্ষম হয়। জবাবে রাজ্যদল প্রথম ইনিংসে দিনের শেষে ১ উইকেট হারিয়ে ৭৬ রান করে।

************************

**Sadar 13 Cricket :**

টিসিএ পরিচালিত সদরের অনূর্ধ্ব ১৩ বছরের ক্রিকেট প্রতিযোগিতার আজ চারটি খেলা হয়। এতে নরসিংগড়ের পঞ্চায়েত মাঠে প্রগতি প্লে সেন্টার ৫২ রানে কর্ণেল চৌমুহনী কোচিং সেন্টারকে, নেপকো মাঠে এন এস আর সি সি ২৯৫ রানে ব্লাডমাউথ ক্লাবকে, বি কে এন ভি মাঠে জি বি প্লে সেন্টার ৩১৪ রানে মডার্ন ক্রিকেট একাডেমিকে এবং আম্বেদকর স্কুল মাঠে মৌচাক কোচিং সেন্টার ৭ রানে বাধারঘাট কোচিং সেন্টারকে পরাজিত করে।

**************************